Annual Examination - 2022
Class - IX
Sub - Bengali

SET - A

Time : 3 Hrs. Full Marks : 80

The figures in the margin indicates full mark

ক - বিভাগ

১। নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও: ১×১০=১০

১৮৫৫ খ্রিস্টাব্দের ৩০ জুন। সিধু আর কানুর গ্রাম ভাগনাডিহিতে বিরাট সভা বসেছে। চারশত গ্রামের প্রতিনিধি হিসাবে প্রায় দশ হাজার সাঁওতাল সেই সভায় উপস্থিত। প্রথমে সিধু, তারপর কানু বক্তৃতা করলেন। দুই নায়কের এতদিনের সঞ্চিত ক্রোধ ফেটে পড়েছে তাঁদের বক্তৃতায়। তাঁরা একে একে বললেন সাঁওতালদের জীবনের দুঃখের কাহিনি, ইংরেজ জমিদার-মহাজন-পুলিশের অত্যাচারের কাহিনি, জমিদার-মহাজনদের কাছে সাঁওতালদের স্ত্রী-কন্যার ইজ্জত নাশের কাহিনি। আজীবন দুঃখ-অত্যাচার-লাঞ্ছনার ভারে পীড়িত দশ হাজার সাঁওতাল গর্জে উঠল। তারা সংকল্প নিল — তারা আর জমিদার-মহাজনদের, ইংরেজ শাসকের, পুলিশ, পাইক-পেয়াদার, জর্জ-ম্যাজিস্ট্রেটের নিপীড়ন সহ্য করবে না, কারো ক্রীত দাসত্ব মানবে না। দশ হাজার সাঁওতাল এক বাক্যে শপথ গ্রহণ করল— তারা সাঁওতাল পরগণা থেকে সকল অত্যাচারীকে বিতাড়িত করে সমস্ত জমি দখল করবে এবং নিজেদের স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করবে।

ক) সিধু আর কানুর গ্রামের নাম কী?

খ) সিধু আর কানুর গ্রামে কী বসেছিল?

গ) কতগুলি গ্রাম থেকে সাঁওতালরা এসেছিল?

ঘ) কত মানুষ সভায় উপস্থিত হয়েছিল?

ঙ) প্রথমে কে বক্তৃতা দিলেন?

চ) সিধু-কানু কীসের কাহিনি শোনালেন?

ছ) কত খ্রিস্টাব্দের, কত তারিখ সভাটি বসেছিল?

https://www.tripuraboard.com

জ) সিধুর পরে সভায় কে বক্তৃতা দিলেন?

ঝ) কত সংখ্যক সাঁওতালরা শপথগ্রহণে অংশ নিয়েছিল?

ঞ) সাঁওতালরা কী শপথ নিল?

এক - একটি পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর দাও: **১×১২=১২**

২। "সে পেয়েছে ছাড়পত্র এক"—কীসের ছাড়পত্র সে পেয়েছে?

৩। "সে ভাষা বোঝে না কেউ," — কীসের ভাষা?

৪। " তার মুখে খবর পেলুম:"— কে, কার মুখে খবর পেলেন?

৫। "তাকে ছেড়ে দিতে হবে স্থান"— কেন?

৬। "সেই অবধি এই অন্নের কাঙ্গাল।"— কে, কীভাবে অন্নের কাঙ্গাল হয়েছিল?

৭। "শাশুড়ি মনে মনে ভাবিলেন,"—শাশুড়ি মনে মনে কী ভাবছিলেন?

৮। "আমরা জাতি ভ্রষ্টার কন্যার পাক স্পর্শে জলগ্রহণ করিব না।" — 'আমরা' বলতে কাদের বোঝানো হয়েছে?

৯। "যদি খাওয়াতেই পারিবে না, তবে পেটে ধরেছিলে কেন?" — কে কাকে কথাটি বলেছিল?

১০। ভারতবর্ষে কোন যুগ থেকে 'ত্রিপুরা' নামের উল্লেখ বা পরিচয় পাওয়া যায়?

১১। ভগবান 'গড়িয়া' কে কীসের সাহায্যে রূপ দেওয়া হয়?

১২। ত্রিপুরি সম্প্রদায়ের মধ্যে 'খার্চি' পুজার পর কোন পূজা সম্পন্ন করার প্রথা চালু আসছে?

১৩। 'চন্তাই' ও 'দেওয়াই' বলতে কী বোঝায়?

নিম্নে উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর দাও:

১৪। অ) সন্ধি বিচ্ছেদ করো: ১×২=২

নীরস, দেশাচার

https://www.tripuraboard.com

আ) সন্ধি করো: ১×২=২

বৃহৎ + পতি

উৎ + ছেদ

১৫। অ) ব্যাস বাক্য সহ সমাস নির্ণয় করো: ১×২=২

সিংহাসন, মহাত্মা

আ) সমাসবদ্ধ পদটি কী হবে লেখো: ১×২=২

শান্ত অথচ শিষ্ট, তিন মাথার সমাহার

১৬। একপদে পরিণত করো: ১×৩=৩

যে বেশি কথা বলে, দানের বিনিময়ে দান, চলছে এমন ছবি

১৭। সাধুভাষা থেকে চলিত ভাষায় পরিবর্তন করো: ৩×১=৩

প্রফুল্ল কাঙ্গালের মেয়ে বলিয়া যে হরবল্লভবাবু তাঁহাকে ঘৃণা করিতেন তাহা নহে। বিবাহের পরে একটা গোল হইয়াছিল। হরবল্লভ কাঙ্গাল দেখিয়াও ছেলের বিবাহ দিয়াছিলেন। এদিকে প্রফুল্লের মা, কন্যা বড়, মানুষের ঘরে পড়িল, এই উৎসাহে সর্বস্ব ব্যয় করিয়া বিবাহ দিয়াছিলেন।

১৮। পদ পরিবর্তন করো: ১×২=২

বৈশাখ, পৃথিবী

খ -বিভাগ

সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ১×১৬=১৬

১৯। 'খার্চি' পূজায় পুজিত চৌদ্দো জন দেবতার পরিচিত হয় ত্রিপুরা রাজাদের —

অ) কুল তিলক বলে
আ) কুলাধিপতি বলে
ই) কুলগুরু বলে
ঈ) কুল দেবতা বলে

২০। প্রতিবেশী কোন রাষ্ট্র ত্রিপুরা রাজ্যকে তিন দিক থেকে ঘিরে রেখেছে?

অ) নেপাল
আ) ভুটান
ই) মায়ানমার
ঈ) বাংলাদেশ

https://www.tripuraboard.com

২১। 'মাইলুমা' ও 'খুলুমা' দেবীদ্বয়ের পূজা সম্পন্ন হয় —

অ) ঢালু জমিতে আ) মালভূমিতে

ই) জুমচাষের জমিতে ঈ) তরাই ভূমিতে

২২। "পেয়েছি নতুন চিঠি"—বক্তা কে?

অ) শিশু আ) কবি সুকান্ত ভট্টাচার্য

ই) ছাড়পত্রের কথক ঈ) কেউ নয়

২৩। "চলে যেতে হবে আমাদের"— কীভাবে?

অ) হাসতে হাসতে আ) গাইতে গাইতে

ই) মৃত আর ধ্বংসস্তুপ পিঠে ঈ) গাড়ি চড়ে

২৪। "সে ভাষা বোঝে না কেউ" — কোন ভাষা?

অ) হিন্দি ভাষা আ) আরবি ভাষা

ই) ভূমিষ্ঠ হওয়া শিশুর ভাষা ঈ) বৃদ্ধের ভাষা

২৫। 'ছাড়পত্র' কবিতায় নবজাতক কীভাবে তার অধিকার ব্যক্ত করে?

অ) মৃদুকণ্ঠে আ) তীব্র চিৎকারে

ই) সুতীব্র চিৎকারে ঈ) শব্দ মাত্রা ছাড়িয়ে

২৬। " আমার দেহের রক্তে . . . . ."—বক্তার দেহের রক্তে কী হবে?

অ) আরেকটি প্রাণ বাঁচবে

আ) ইতিহাস তৈরি হবে

ই) নতুন শিশুকে আশীর্বাদ করা হবে

ঈ) রক্তের বিনিময়ে অন্য রক্ত নেওয়া হবে

২৭। 'ছাড়পত্র' কবিতাটি লিখেছেন —

অ) বীরেন্দ্র চট্টোপাধ্যায় আ) সুকান্ত ভট্টাচার্য্য

ই) সুভাষ মুখোপাধ্যায় ঈ) রবীন্দ্রনাথ ঠাকুর

https://www.tripuraboard.com

২৮। "প্রাণপণে পৃথিবীর সরাব —"

অ) নোংরা　　আ) আবর্জনা

ই) জঞ্জাল　　ঈ) জঙ্গল

২৯। 'ছাড়পত্র' কবিতায় বর্ণিত ভূমিষ্ঠ শিশুর প্রতিজ্ঞা দুর্বোধ্য কেন?

অ) শিশু কথা বলতে পারে না

আ) ইচ্ছে করে কিছু বলে না

ই) তার বোধবুদ্ধি লুপ্ত

ঈ) কোনোটিই নয়

৩০। প্রফুল্লর মাথায় ঘোমটা টানা ছিল —

অ) এক হাত　　আ) দু-হাত

ই) আধ হাত　　ঈ) দেড় হাত

৩১। "হরবল্লভ বিশ্বাস করিল।"—তিনি কী বিশ্বাস করলেন?

অ) প্রফুল্ল মুখরা

আ) প্রফুল্ল সম্পর্কে প্রতিবেশীদের বলা কথা

ই) প্রফুল্ল বোবা

ঈ) প্রফুল্ল দ্বিচারিণী

৩২। প্রফুল্লের শ্বশুরবাড়ি ছিল —

অ) দুর্গাপুরে　　আ) বরেন্দ্রভূমে

ই) তারকেশ্বর　　ঈ) বর্ধমানে

৩৩। "কাজেই তোমাকে ত্যাগ করতে হয়েছে।" — কীসের ভয়ে?

অ) বিচারকের ভয়ে　　আ) একঘরে হওয়ার ভয়ে

ই) পুত্রের ভয়ে　　ঈ) স্বামীর ভয়ে

https://www.tripuraboard.com

৩৪। লাল সাদা সুতোয় বোনা কাপড়টি ত্রিপুরি সমাজে পরিচিত —

অ) পিছড়া বলে আ) পাছড়া বলে

ই) বরুয়া বলে ঈ) পিওরা বলে

গ - বিভাগ

নিচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও: ২×৮=১৬

৩৫। 'ছাড়পত্র' কবিতায় বক্তা নিজের রক্তে শিশুকে আশির্বাদ করতে চায় কেন?

৩৬। "খর্বদেহ নিঃসহায়,"— কার সম্পর্কে, কেন এই কথা বলা হয়েছে?

৩৭। 'ছাড়পত্র' কবিতায় কবি পৃথিবী থেকে চলে যাওয়ার আগে কী করতে চেয়েছেন?

৩৮। সদ্যোজাত শিশুকে নিয়ে কেউ হাসে, আবার কেউ মৃদু তিরস্কার করে — এর কারণ কী?

৩৯। প্রবেশকালে প্রফুল্লের মার পা উঠছিল না কেন?

৪০। বরযাত্রীদের এবং প্রতিবেশীদের কী কী খাওয়ানো হয়েছিল? এক্ষেত্রে পার্থক্যের কারণ কি?

৪১। ত্রিপুরাতে কয়টি উপজাতি সম্প্রদায় আছে এবং এর কয়েকটি উল্লেখ কর। এর মধ্যে কোন সম্প্রদায়টি সংখ্যাগরিষ্ঠ?

৪২। খার্চি পূজায় পূজিত ১৪ জন দেব-দেবীর নাম কী কী?

নিচের প্রশ্নগুলির উত্তর দাও: ৫×২=১০

৪৩। " আমি কিন্তু মনে মনে বুঝেছি সে ভাষা
পেয়েছি নতুন চিঠি আসন্ন যুগের—"

—কে কার, কোন ভাষা বুঝেছেন? আসন্ন যুগের চিঠি থেকে তিনি কী জেনেছেন? ১ + ১ + ৩

অথবা

"তারপর হব ইতিহাস।"

অ) বক্তা কে?

আ) কখন, কেন তিনি ইতিহাস হবেন? ১ + ১ + ৩

https://www.tripuraboard.com

[illegible]। "পরদিন হরবল্লভ বধূকে মাত্রালয়ে পাঠাইয়া দিলেন।"

অ) 'পরদিন' বলতে কোন্ দিনের কথা বলা হয়েছে?

আ) বধূটি কে?

ই) তাকে কেন হরবল্লভ 'মাত্রালয়ে' পাঠিয়ে দিলেন? ১ + ১ + ৩

অথবা

"এই সমাজে পৌরাণিক দেবতা 'গণেশ' গড়িয়া নামে পরিচিত।"

অ) কোন্ সমাজে 'গণেশ' গড়িয়া নামে পরিচিতি পান?

আ) গড়িয়া পূজার বিশেষত্ব কী?

ই) কীভাবে এই পূজা সম্পন্ন হয়? ১ + ২ + ২

---

https://www.tripuraboard.com
Whatsapp @ 9300930012
Send your old paper & get 10/-
अपने पुराने पेपर्स भेजे और 10 रुपये पायें,
Paytm or Google Pay से

https://www.tripuraboard.com